

ঐ
ইন্টিগ্রেশন *db*
২০২১

আয়োজনে
ট্যাক্সিয়ন

ইন্টিগ্রেশন বি কী?

ইন্টিগ্রেশন বি একটি অনলাইন ভিত্তিক ক্যালকুলাসের দক্ষতা যাচাইয়ের জন্য প্রতিযোগিতা। গণিতের অন্য যে কোনো প্রতিযোগিতা থেকে এর ভিন্নতা হলো,

(ক) এটি একটি দলগত প্রতিযোগিতা (একজন শিক্ষার্থী যখন বাস্তব জীবনে গবেষণা করতে যায় তখন সে একা একটি প্রজেক্টে কাজ করে না। বরং তার বাকি সহযোগী গবেষকদের সাথেও তাকে মিল রেখে কাজ করতে হয়। সে শিক্ষা যাতে এখন থেকেই পায় তাই এ ব্যবস্থা)।

(খ) অনলাইনে ঘরে বসে পরীক্ষা দেওয়া সম্ভব।

(গ) অলিম্পিয়াড মানসম্পন্ন প্রশ্ন ও নাস্বার প্রদান।

দলগত প্রতিযোগিতায় যে দল সর্বোচ্চ নাস্বার স্কোর করতে পারবে তাদেরকে বিজয়ী ঘোষণা করা হবে। যদি একাধিক দলের সর্বোচ্চ নাস্বার সমান হয় তবে তাদের নিয়ে লাইভে ক্যামেরা অন করে ক্যালকুলাসের উপর একটি মিনি কুইজ আয়োজন করা হবে। আপাতত বিজয়ী দলকে ম্যাডেল ও সার্টিফিকেট প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নিয়মাবলী

- এটি একটি দলীয় প্রতিযোগিতা। প্রতি দলে সর্বোচ্চ তিনজন ও সর্বনিম্ন একজন সদস্য থাকবে। সদস্যদেরকে অবশ্যই ক্লাস ৯, ১০, ১১, ১২ কিংবা সম্মান প্রথম বর্ষ বা সমমানের শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে।
- প্রতিটি দলের একটি মৌলিক নাম থাকবে। এ নাম নির্ধারণ করে রেজিস্ট্রেশন ফর্মের শুরুতে বলে দিতে হবে।
- দলের একজন দলনেতা থাকবে যাকে ইন্টিগ্রেটর উপাধি দেওয়া হবে। দলের কোনো প্রকার ভুলের জন্য দলনেতাকে জবাবদিহি করতে হবে।
- আগামী ৩০ জুলাই, ২০২১ এর মধ্যে দলনেতা সহ দলের বাকি সদস্যদের নাম ও দলের নাম রেজিস্ট্রেশন ফর্মে দিতে হবে।
- রেজিস্ট্রেশন করার শেষ সময় জুলাই ৩০, ২০২১ রাত ১১:৫৯ মিনিট।
- প্রতিদলের জন্য রেজিস্ট্রেশন ফি ৩০ টাকা। এ টাকা বিকাশ, রকেট কিংবা নগদের মাধ্যমে পাঠাতে হবে। এ সম্পর্কিত বাকি তথ্য রেজিস্ট্রেশন ফর্মে দেওয়া আছে।
- পরীক্ষা হবে আগস্ট ১, ২০২১ তারিখে। সময় দুপুর ২ টা ৩০ থেকে ৫ টা ০০ পর্যন্ত। অর্থাৎ মোট সময় আড়াই ঘন্টা। প্রশ্নের সংখ্যা ৬ টি। এখানে প্রশ্নের ভিতর উপপ্রশ্ন থাকতে পারে। প্রশ্ন আমাদের ওয়েবসাইটে ও আমাদের পেইজে পাওয়া যাবে।
- পরীক্ষা চলাকালীন সময়ে প্রশ্নের সমাধান করতে হবে এবং সমাধান আমাদের পেজে বা ইমেইলে পাঠাতে হবে। ছবি বা পিডিএফ বা ডক ফাইল আকারে পাঠানো যাবে। নির্দিষ্ট সময়ের বাইরে সমাধান পাঠালে কোনো ভাবেই তা গ্রহণযোগ্য হবে না।

৮. সমাধান বুঝতে কোনো প্রকার সমস্যা হলে আমরা ইন্টিগ্রেটরের সাথে বা সমাধান কারীর সাথে কথা বলব। আর সমাধান প্রসেসসহ দিতে হবে। শুধু উত্তর গ্রহণযোগ্য নয়।

৯. একই প্রশ্নের একাধিক সমাধান পাঠানো যাবে না। সমাধান পাঠাতে এই মেইলটি ব্যবহার করো - editortachyon@gmail.com

১০. যে প্রশ্নগুলো দেওয়া হবে তার সমাধান আমরা দিব না। বরং পরীক্ষার পর তোমরা আরো গভীরভাবে প্রশ্নগুলো নিয়ে চিন্তা করবে বলে আমরা আশাবাদী। আমরা এমন প্রশ্ন দিব যা তোমাদের ভাবতে সাহায্য করবে।

১১. প্রশ্ন সমূহের জন্য পাঠ্যবইয়ের সাহায্য নেওয়া যাবে ও ইন্টারনেটের থেকে সাহায্য নেওয়া যাবে। তবে কোনো ফোরামে সাহায্য চাওয়া যাবে না কিংবা নিজেদের দলের বাইরের কারো সাথে পরীক্ষা শেষ হওয়ার আগ পর্যন্ত কোনো আলোচনা করা যাবে না। WolframAlpha কিংবা কোনো সিমুলেশন সফটওয়্যার ব্যবহার নিষিদ্ধ। এর কোনো নিয়ম ভঙ্গ হওয়ার প্রমাণ পাওয়া গেলে সে দলকে বাতিল ঘোষণা করা হবে। দলের সকল সদস্যদের নৈতিক চিন্তা ও সুস্থ প্রতিযোগিতা বজায় রাখার অনুরোধ রইলো।

সিলেবাস

1. Continuity
2. Limit
3. Differentiability
4. Differentiation
5. Leibnitz Theorem
6. Rolle's Theorem
7. Lagrange's Mean Value Theorem
8. Taylor Series
9. Maclaurin Series
10. Maxima and Minima
11. Tangent and Normals
12. Integration by Substitution
13. Integration by Parts
14. Definite Integral
15. Arc Length
16. Volume of Solids of Revaluation
17. Surface Area of Solids of Revaluation
18. Linear First Order ODE
19. Linear Second Order ODE
20. Partial Differentiation
21. Application of Calculus

রেজিস্ট্রেশন করার লিংক (২০২১) - <https://cutt.ly/OnUJafA>

যোগাযোগ

আমাদের ওয়েব সাইট - <http://tachyonts.com/>

আমাদের ফেইসবুক পেইজ - <https://www.facebook.com/TachyonTs>

আমাদের ফেইসবুক গ্রুপের লিংক -

<https://www.facebook.com/groups/831785003920374/>

পরীক্ষার দিনক্ষণ

আগস্ট ১, ২০২১

বিকাল ২:৩০ থেকে ৫:০০ টা